# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

## ১২ এপ্রিল (বুধবার)
## [সময়কালঃ ১২.০৪.২০২৩-১৬.০৪.২০২৩]



ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি:

গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (১২ এপ্রিল  ২০২৩, সকল ০৬ টা পর্যন্ত) এবং ১১ এপ্রিল ২০২৩ এ সর্বোচ্চ তাপমাত্রা, ১২ এপ্রিল  ২০২৩ এ সর্বোনিম্ন  তাপমাত্রা নিচে দেওয়া হলো:

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ০০ | ৩৮.৫ | ২৪.২ | চট্টগ্রাম | চট্টগ্রাম | ০০ | ৩৫.৩ | ২৫.২ |
| | টাঙ্গাইল | ০০ | ৩৮.০ | ২১.০ | | সন্দ্বীপ | ০০ | ৩৭.২ | ২৩.৮ |
| | ফরিদপুর | ০০ | ৩৯.৩ | ২০.৫ | | সীতাকুন্ড | ০০ | ৩৭.৪ | ২২.৬ |
| | মাদারীপুর | ০০ | ৩৭.০ | ২২.৮ | | রাঙ্গামাটি | ০০ | ৩৮.০ | ২৩.০ |
| | গোপালগঞ্জ | ০০ | ৩৭.৫ | ২৩.৭ | | কুমিল্লা | ০০ | ৩৫.৮ | ২৩.০ |
| | নিকলি | ০০ | ৩৬.৫ | ২০.০ | | চাঁদপুর | ০০ | ৩৭.০ | ২৫.৩ |
| | | | | | | মাইজদীকোর্ট | ০০ | ৩৬.৮ | ২৫.২ |
| রাজশাহী | রাজশাহী | ০০ | ৩৯.০ | ১৯.৮ | | ফেনী | ০০ | ৩৮.০ | ২৪.০ |
| | ঈশ্বরদী | ০০ | ৩৮.৬ | ১৯.৮ | | হাতিয়া | ০০ | ৩৬.০ | ২৪.২ |
| | বগুড়া | ০০ | ৩৭.০ | ২১.৬ | | কক্সবাজার | ০০ | ৩৫.০ | ২৫.৬ |
| | বদলগাছী | ০০ | ৩৬.৩ | ১৮.৮ | | কুতুবদিয়া | ০০ | ৩৩.৫ | ২৩.৮ |
| | তাড়াশ | ০০ | ৩৪.৫ | ২০.০ | | টেকনাফ | ০০ | ৩৪.৮ | ২২.৩ |
| | | | | | | বান্দরবান | ০০ | ৩৮.২ | ২৩.৫ |
| রংপুর | রংপুর | ০০ | ৩৫.৭ | ২১.০ | | | | | |
| | দিনাজপুর | ০০ | ৩৫.৭ | ১৮.৭ | খুলনা | খুলনা | ০০ | ৩৯.২ | ২৫.০ |
| | সৈয়দপুর | ০০ | ৩৬.৫ | ১৯.৫ | | মংলা | ০০ | ৩৮.১ | ২৬.২ |
| | তেঁতুলিয়া | ০০ | ৩৪.৩ | ১৮.৬ | | সাতক্ষীরা | ০০ | ৩৮.৬ | ২৪.৩ |
| | ডিমলা | ০০ | ৩৪.১ | ১৮.১ | | যশোর | ০০ | ৩৯.২ | ২১.০ |
| | রাজারহাট | ০০ | ৩৫.৭ | **১৭.৩** | | চুয়াডাঙ্গা | ০০ | **৩৯.৬** | ১৯.৩ |
| | | | | | | কুমারখালী | ০০ | ৩৯.৩ | ২০.২ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ০০ | ৩৫.৩ | ১৯.৮ | | | | | |
| | নেত্রকোনা | ০০ | ৩৫.৫ | ২০.০ | বরিশাল | বরিশাল | ০০ | ৩৮.২ | ২৪.৬ |
| | | | | | | পটুয়াখালী | ০০ | ৩৭.৫ | ২৫.২ |
| সিলেট | সিলেট | ০০ | ৩৬.৬ | ২২.৯ | | খেপুপাড়া | ০০ | ৩৬.৭ | ২৫.৮ |
| | শ্রীমঙ্গল | ০০ | ৩৮.২ | ১৯.৪ | | ভোলা | ০০ | ৩৬.৭ | ২৪.৪ |

## প্রধান বৈশিষ্ট সমূহ:

- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৭.৭১ ঘন্টা ছিল।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.৬৬ মি: মি: ছিল।

## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

**পূর্বাভাস:** অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।
**তাপ প্রবাহঃ** রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগসহ নীলফামারী জেলার উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**সপ্তাহের শেষে (১১ এপ্রিল ২০২২ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন:**













Anomaly Minimum Temperature (°C)
(05/04/2023 - 11/04/2023)
-4 -2 0 2
(°C)


Diurnal Temperature (°C)
(05/04/2023 - 11/04/2023)
9 12 15 18
(°C)


Anomaly Diurnal Temperature (°C)
(05/04/2023 - 11/04/2023)
0 2 4 6
(°C)


Maximum Humidity (%)
(05/04/2023 - 11/04/2023)
89 92 95 98 100
(%)


Minimum Humidity (%)
(05/04/2023 - 11/04/2023)
(%)
9 19 29 39 51


Cloud Amount (Octa)
(05/04/2023 - 11/04/2023)
(Octa)
0 2 4


Wind Speed (knots)
(05/04/2023 - 11/04/2023)
(knots)
0 2 4 6

## আবহাওয়ার পূর্বাভাস:

## আবহাওয়ার পূর্বাভাস ০৯/০৪/২০২৩ হতে ১৫/০৪/২০২৩ তারিখ পর্যন্ত:

- এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কাল ৬.০০ থেকে ৮.০০ ঘন্টার মধ্যে থাকতে পারে।
- এ সপ্তাহে বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ থেকে ৫.০০ মি.মি. মধ্যে থাকতে পারে।

- এ সময় সারা দেশে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।
- এ সময় সারাদেশের দিন ও রাতের তাপমাত্রা ধীরে ধীরে বৃদ্ধি পেতে পারে ।
- এ সময় ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ স্থানে মৃদু থেকে মাঝারি ধরণের তাপ প্রবাহ বয়ে যেতে পারে ।

**আগামী ০৫ দিনের জেলাওয়ারী পরিমাণগত আবহাওয়া পূর্বাভাস (১২ এপ্রিল হতে ১৬ এপ্রিল ২০২৩ পর্যন্ত)**







Minimum Temperature (°C)
(12/04/2023 - 16/04/2023)
17 19 21 23 25
(°C)


Maximum Humidity (%)
(12/04/2023 - 16/04/2023)
22 40 58 76 89
(%)


Minimum Humidity (%)
(12/04/2023 - 16/04/2023)
8 23 38 53 72
(%)


Diurnal Temperature (°C)
(12/04/2023 - 16/04/2023)
12 16 20 24 28
(°C)



Wind Speed (knots)
(12/04/2023 - 16/04/2023)
Dinajpur
Rangpur
Naogaon
Bogra
Sherpur
Netrakona
Sunamganj
Sylhet
Mymensingh
Rajshahi
Natore
Tangail
Kishoreganj
Moulvibazar
Gazipur
Pabna
Manikganj
Rajbari
Faridpur
Comilla
Feni
Noakhali
Rangamati
Bandarban
4
6
8
10
(knots)

## Different Satellite Products over Bangladesh

NOAA/VIIRS BLENDED NDVI composite for the week. No. 14 (02 April-08 April) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 14 (02 April-08 April) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 14 (02 April-08 April) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 14 (02 April-08 April) over Agricultural regions of Bangladesh



## মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী বাংলাদেশের অধিকাংশ জেলার উপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং আগামী ১৮ এপ্রিল, ২০২৩ পর্যন্ত তা অব্যাহত থাকতে পারে। এ সময়ে বৃষ্টিপাত হওয়ার সম্ভবনা নেই।

এ সপ্তাহের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:

- তাপপ্রবাহের ক্ষতি থেকে ধান রক্ষার জন্য বোরো ধানের জমিতে পর্যাপ্ত পানি ধরে রাখুন। ধানের শীষে দানা শক্ত না হওয়া পর্যন্ত জমিতে অবশ্যই ২-৩ ইঞ্চি দাঁড়ানো পানি রাখতে হবে।
- আম গাছের গোড়ায় পর্যাপ্ত সেচ প্রদান করুন। প্রয়োজনে গাছের শাখাপ্রশাখায় পানি স্প্রে করা যেতে পারে।
- সবজির জমিতে আগামী এক সপ্তাহে মাটির ধরন বুঝে প্রয়োজন অনুযায়ী ২ থেকে ৩ টি সেচের ব্যবস্থা করুন।
- ফল ও সবজির চারাকে তাপপ্রবাহের ক্ষতি থেকে রক্ষার জন্য মালচিং ও সেচ নিশ্চিত করুন।